



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
টেলিযোগাযোগ অধিদপ্তর
মহাপরিচালকের কার্যালয়
৪২৩-৪২৮ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮
www.telecomdept.gov.bd

স্মারক নং : ১৪.৩০.০০০০.৪৫১.১৬.০৫৭.১৫-১২

তারিখ : ২০ ভাদ্র ১৪২৩/ ০৪ সেপ্টেম্বর ২০১৬ খ্রি:

বিষয়ঃ টেলিযোগাযোগ অধিদপ্তরের ইনোভেশন টিমের সভার কার্য বিবরণী।

টেলিযোগাযোগ অধিদপ্তরের ইনোভেশন টিমের এক সভা বিগত ১৮.০৮.২০১৬ খ্রিঃ তারিখে সকাল ১১.০০ ঘটিকায় ইনোভেশন কর্মকর্তা জনাব মোঃ আজম আলী, পরিচালক (প্রশাসন) এর সভাপতিত্বে তার অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা সংলগ্ন ১ এ উপস্থাপন করা হলো।

২। উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। সভায় টেলিযোগাযোগ অধিদপ্তরের ন্যূনতম ১টি নতুন সেবা ডিজিটাল সেন্টার ও ই-পোস্ট সেন্টার হতে প্রদানের বিষয়ে মাননীয় প্রধান মন্ত্রীর কার্যালয় হতে নির্দেশনার প্রেক্ষিতে ২২.০৬.২০১৬খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভায় এ ব্যাপারে যে কর্ম পদ্ধতি অনুসন্ধান করতে বলা হয়েছিলো সে বিষয়ে অগ্রগতি পর্যালোচনা করা হয়।

৩। সভায় উপস্থিত সদস্যগণ জানান যে, বর্তমানে টেলিযোগাযোগ অধিদপ্তরের যে সকল কর্মকর্তা পি.আর.এল এ গমন করবেন/করছেন তাদের টেলিযোগাযোগ অধিদপ্তরে যথাসময়ে যোগদান, পদায়ন আদেশ জারিকরণ, পি.আর.এল মঞ্জুরিপত্র জারিকরণ, ১৮ মাসের ছুটি নগদায়ন এবং পি.আর.এল সমাপনীতে পেনশন মঞ্জুরকরণ ইত্যাদি কার্যসমূহ যথাসময়ে সুষ্ঠুভাবে সম্পন্ন করাই এখন বড় চ্যালেঞ্জ। সারাদেশে বিস্তৃত বিটিসিএল এর ১৭২টি দপ্তরে পূর্বে এ সংক্রান্ত যে কাজ সম্পাদন করা হতো বর্তমানে তা টেলিযোগাযোগ অধিদপ্তরের একটি মাত্র দপ্তর থেকে সম্পন্ন করা এবং এ সমস্ত সেবা ভোগকারীর ভোগান্তি কমানোর জন্য ডিজিটাল প্রযুক্তির সহায়তা গ্রহণ অত্যাবশ্যিক মর্মে মত প্রকাশ করা হয়।

৪। সভায় আলোচনা হয় যে, টেলিযোগাযোগ অধিদপ্তর হতে পিআরএল ও পেনশন সংক্রান্ত গৃহীত কার্যক্রম সম্পর্কে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারিগণ সারাদেশব্যাপী ডিজিটাল সেন্টার ও ই-পোস্ট সেন্টার হতে যেন সহজে অবহিত হতে পারে সে জন্য এ সমস্ত কার্যক্রম টেলিযোগাযোগ অধিদপ্তরের ওয়েব সাইটে প্রদর্শন করা যায়।

৫। সভায় গৃহীত সিদ্ধান্ত :

ক) টেলিযোগাযোগ অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারিগণের অধিদপ্তরে যোগদান পরবর্তী পদায়ন আদেশ, পি.আর.এল মঞ্জুরিপত্র, ১৮ মাসের ছুটি নগদায়ন এবং পি.আর.এল সমাপনীতে পেনশন সংক্রান্ত তথ্যাদি নির্ধারিত ছকে অধিদপ্তরের ওয়েব সাইটে প্রদর্শন করতে হবে।

খ) আইসিটি পরিকল্পনা শাখা এ সমস্ত কার্যক্রম সহজে যাতে বোধগম্য হয় সেবাবে একটি ছক তৈরি করবে।

গ) প্রশাসন ও অর্থ শাখা উক্ত ছকটি প্রয়োজনীয় তথ্যসহ সপ্তাহের শেষ কর্ম দিবসে আইসিটি বাস্তবায়ন শাখায় প্রেরণ করবে।

ঘ) আইসিটি বাস্তবায়ন শাখা উক্ত ছক অধিদপ্তরের ওয়েব সাইটে নিয়মিত আপলোড করবে।

৬। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ আজম আলী)
ইনোভেশন কর্মকর্তা ও
পরিচালক (প্রশাসন)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো -

১। মহা-পরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর, ৪২৩-৪২৮ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা- ১২০৮।

২-৩। অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন ও অর্থ) / অতিরিক্ত মহাপরিচালক (কারিগরি)।

৪-৫। পরিচালক (প্রশাসন)/ পরিচালক (আইসিটি)।

৬-১২। উপপরিচালক (প্রশাসন)/ অর্থ / আইসিটি পরিকল্পনা / আইসিটি বাস্তবায়ন / নিয়োগ / টেলিকম নিরাপত্তা/ইউএসওএফ।

১৩-১৪। সহকারী পরিচালক প্রশাসন/(অর্থ)।